গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd

২ কার্তিক ১৪২৯

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৪৪.৯৯.০০৪.২২.- তারিখ: ১৮ অক্টোবর ২০২২

**বিষয়:** মাসিক ভিত্তিতে পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম মনিটরিং কমিটির (সেপ্টেম্বর,২০২২) মাসের প্রতিবেদন।

সূত্র: এ বিভাগের প্রশাসন-২ অধিশাখার পত্র নম্বর: - ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ তারিখ: ২৫/০৭/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে পাইপলাইন ক্যাথডিক সিস্টেম মনিটরিং কমিটির সেপ্টেম্বর,২০২২ মাসের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সেপ্টেম্বর,২০২২ মাসের প্রতিবেদন।

১৮/১০/২০২২
মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
ফোন: ৯৫৮৪৮৮৯
ইমেইল: programmer@emrd.gov.bd

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

[দৃ:আ: উপসচিব, প্রশাসন-২ অধিশাখা ও সদস্য-সচিব এপিএ টিম, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ]

২ কার্তিক ১৪২৯

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৪৪.৯৯.০০৪.২২.- তারিখ: ১৮ অক্টোবর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
২। যুগ্মসচিব (উন্নয়ন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। যুগ্মসচিব (অপারেশন-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৫। ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)।
৬। উপ-মহাব্যবস্থাপক (ভিজিল্যান্স), পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
৭। প্রোগ্রামার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৮। উপ-মহাব্যবস্থাপক (পিআইডি), গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)।
৯। ব্যবস্থাপক (সিপি মনিটরিং এন্ড মেইনটেন্যান্স), গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)।
১০। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (প্রতিবেদনটি এ বিভাগের তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধসহ) ।
১১। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন) ও এপিএ টিম লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

১৮/১০/২০২২
মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার

## বিষয়: মাসিক ভিত্তিতে ক্যাথোডিক প্রটেকশন সিস্টেম মনিটরিং প্রতিবেদন (সেপ্টেম্বর, ২০২২)

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদন সূচক [৫.৮.১] এ পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম মনিটরিং এর লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত রয়েছে। এ বিভাগের পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম মনিটরিং কমিটি গত ০৪-১০-২০২২ তারিখে এ বিভাগ এবং আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহের সাথে অনলাইন সভায় মাধ্যমে চলমান পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম মনিটরিং কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করে।

### ২.০ বাস্তবায়ন অগ্রগতি:

জিটিসিএল কর্তৃক পরিচালিত সিপি মনিটরিং এন্ড মেইনটেনেন্স সেকশন কোম্পানীর পরিচালনাধীন পাইপলাইনসমূহের ক্যাথডিক প্রটেকশন (সিপি) সিস্টেম পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের সেপ্টেম্বর, ২০২২ সময়কালের মনিটরিং সংক্রান্ত মেইনটেন্যান্স রিপোর্ট পর্যালোচনা করা হয়। সেপ্টেম্বর,২০২২ মাসে জিটিসিএলের সকল পাইপলাইনের মাসিক রক্ষণাবেক্ষণ এর প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করে ঠিকাদারগণ কর্তৃক সিপি সিস্টেম এর পার্ট-এ, বি ও সি এর সেপ্টেম্বর-২০২২ মাসের রিপোর্ট যথাসময়ে দাখিল করা হয়েছে। জিটিসিএল কর্তৃক পরিচালিত প্রতিটি পাইপলাইনের টেস্ট পয়েন্ট থেকে প্রতি মাসেই রিডিং সংগ্রহপূর্বক পাইপলাইন যথাযথভাবে কার্যরত রয়েছে কিনা তা যাচাই বাছাই করা হয়। রিপোর্ট পর্যালোচনাপূর্বক দেখা যায় সেপ্টেম্বর,২০২২ মাসে সকল সিপি স্টেশনের রিডিং গ্রহণযোগ্য সীমার মধ্যে রয়েছে।

জিটিসিএল এর পরিচালনাধীন সকল পাইপলাইন সমূহের ক্যাথডিক প্রটেকশন সিস্টেম পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য পাইপলাইনসমূহ তিনটি অংশে (Part-A, Part-B, Part-C) ভাগ করে দরপত্র আহ্বানের মাধ্যমে (৩ বৎসরের জন্য) ঠিকাদার নিয়োগ করতঃ জানুয়ারী-২০২০ হতে মাসিক রক্ষণাবেক্ষণ কাজ চলমান রয়েছে। পাইপলাইন এর ক্যাথডিক প্রটেকশন (সিপি) সিস্টেম পরিচালন এবং রক্ষণাবেক্ষণ কাজ প্রতিমাসে যথাযথভাবে সম্পাদন করা হয়েছে। সিপি সিস্টেম এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ অত্র ডিপার্টমেন্ট এর প্রকৌশলীগণ কর্তৃক নিয়মিতভাবে তদারকি করা হচ্ছে। জিটিসিএল কর্তৃক [illegible] রিপোর্ট বেশ টেকনিক্যাল হওয়ায় রিপোর্ট সিস্টেমে প্রদান [illegible] সাথে রেফারেন্স মান যুক্ত করা প্রয়োজন।

কমিটি ০৪/০৮/২০২২ তারিখে গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড(জিটিসিএল) এর পরিচালনাধীন বিয়ানীবাজার-কৈলাশটিলা ২০" ব্যাস (গ্যাস) ও ৪" ব্যাস (কনডেনসেট) ১৮ কি.মি. দীর্ঘ পাইপলাইন এর জন্য স্থাপিত কদমরসুল সিপি স্টেশন সরেজমিনে পরিদর্শন করে। পরিদর্শনের পূর্বে জিটিসিএল হতে চলমান গ্যাস পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম সম্পর্কে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। গত মাসের সিদ্ধান্ত অনুযায়ী সিপি সিস্টেম এর অনলাইন মনিটরিং বিষয়ে জাইকা প্রতিনিধির সাথে জিটিসিএলের দুইবার আলোচনা হয়েছে। জাইকা কর্তৃক কিছু তথ্য চাওয়া হয়েছে যা মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। অনলাইন মনিটরিং এর বিষয়ে অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে।

### ৩.০ মনিটরিং কমিটির মন্তব্য/সুপারিশ:

| ক্রম | মন্তব্য/সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম অনলাইন মনিটরিং এর বিষয়ে জিটিসিএল হতে প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখতে হবে; | জিটিসিএল |
| ২ | আগামী ২১-২৩ অক্টোবর,২০২২ অথবা এই মাসের সুবিধাজনক সময়ে পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম মনিটরিং টিম ভেড়ামারা-কুস্টিয়া-খুলনা পাইপলাইনের সিপি সিস্টেম পরিদর্শন করবে; | জিটিসিএল এবং ক্যাথডিক সিস্টেম মনিটরিং টিম |

| | | |
|---|---|---|
| ৩ | জিটিসিএল পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম সম্পর্কে অবহিত করার জন্য মনিটরিং টিমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে একটি সভার আয়োজন করবে; | জিটিসিএল |
| ৪ | সিপি সিস্টেম রিপোর্ট সামারিতে প্রত্যেকটি রিডিং এর সাথে তাদের রেফারেন্স মান যুক্ত করবে। | জিটিসিএল |

জনাব মাফিরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

জনাব এম নাসিমুল আলীম
উপ-মহাব্যবস্থাপক (ভিজিল্যান্স)
পেট্রোবাংলা

মোহাম্মদ ফারুক হোসেন
উপসচিব (প্রশাসন-২)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

জনাব মোঃ হাফিজুর রহমান চৌধুরী
যুগ্মসচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

জনাব শাহিনা খাতুন
যুগ্মসচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ